গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উনি-৩ শাখা
www.mopa.gov.bd

জরুরি
গোপনীয়

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৩৩.১২.০১৫.২২.২৫

তারিখ: ১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

বিষয়: **শূন্য পদে চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব প্রদানের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুসরণ।**

গত ১০ জানুয়ারি ২০২২ তারিখে (২০২২ সালের ২য় সভা) অনুষ্ঠিত সুপিরিয়র সিলেকশন বোর্ডের সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এফ.আর. ৪৯ এ একজন সরকারি কর্মচারীকে অস্থায়ী হিসেবে একই সঙ্গে দুই বা ততোধিক পদের দায়িত্ব প্রদানের ব্যবস্থা আছে, তবে একজন সরকারী কর্মচারী একই সঙ্গে দুই বা ততোধিক স্থায়ী পদে স্থায়ীভাবে নিযুক্ত হতে পারেন না। উক্ত বিধি মোতাবেক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সাধারণতঃ শূন্য পদে যথাক্রমে সমপদধারীকে অতিরিক্ত দায়িত্ব এবং নিম্নপদধারীকে চলতি দায়িত্ব প্রদান করা হয়ে থাকে। কিন্তু ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অতিরিক্ত দায়িত্ব বা চলতি দায়িত্ব প্রদানের ক্ষেত্রে সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণ করা হচ্ছে না। এ পরিপ্রেক্ষিতে, মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ভবিষ্যতে অতিরিক্ত দায়িত্ব বা চলতি দায়িত্ব প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০২-১৯৯২ তারিখের সম (বিধি-১/এস-১১/৯২-৩০ (১৫০) সংখ্যক স্মারকে জারীকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে।

২। এমতাবস্থায়, তাঁর নিয়ন্ত্রণাধীন মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহে জনস্বার্থে অতিরিক্ত দায়িত্ব বা চলতি দায়িত্ব প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০২-১৯৯২ তারিখের সম (বিধি-১/এস-১১/৯২-৩০ (১৫০) সংখ্যক স্মারকে জারীকৃত নির্দেশনা (অনুলিপি সংযুক্ত) অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬-১-২০২২
মোঃ আনোয়ারুল ইসলাম সরকার
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৭১০২
ইমেইল: sa3@mopa.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)